



পররাষ্ট্র মন্ত্রী
FOREIGN MINISTER

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বাণী

১৬ ডিসেম্বর ২০২১

আজ আমাদের গৌরবময় বিজয় দিবস। ১৯৭১ সালের এই দিনে পাকিস্তানী দখলদার বাহিনীকে পরাজিত করে আমরা পেয়েছি স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। বিজয় দিবসের এই শুভলগ্নে আমি দেশে-বিদেশে অবস্থানরত সকল বাংলাদেশিকে জানাই শুভেচ্ছা ও অভিনন্দন।

আমি প্রথমেই শ্রদ্ধাভরে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে- যাঁর দূরদর্শী, সাহসী ও ঐন্দ্রজালিক নেতৃত্বে বাঙালি জাতি বঞ্চনা ও পরাধীনতার শৃঙ্খল ভেঙে অর্জনে করেছে স্বাধীনতা। আমি পরম শ্রদ্ধার সাথে স্মরণ করছি মুক্তিযুদ্ধের ত্রিশ লক্ষ শহিদ, দুই লক্ষ মা-বোনসহ হাজার হাজার যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের যাঁদের সর্বোচ্চ ত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি একটি স্বাধীন বাসভূমি।

এবছর আমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন করছি- যা আমাদের জন্য একটি দুর্লভ প্রাপ্তি। বঙ্গবন্ধু শুধু বাঙালি জাতির নেতা ছিলেন না, তিনি বিশ্বের সকল নিপীড়িত-শোষিত-বঞ্চিত মানুষের অধিকার আদায়ের অগ্রনায়ক ছিলেন। বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা একটি জ্ঞানভিত্তিক, সুখী-সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে বদ্ধপরিকর। তাঁর কার্যকর পদক্ষেপের ফলে বাংলাদেশ একটি 'গতিশীল অর্থনীতি' এবং 'সম্ভাবনার দেশ'-এ পরিণত হয়েছে। সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বর্তমান সরকার কোভিড-১৯ মহামারি মোকাবিলা করে দেশের অর্থনীতির চাকা সচল রাখতে সক্ষম হয়েছে। আন্তর্জাতিক সম্প্রদায় এখন বাংলাদেশকে 'উন্নয়নের রোল মডেল' হিসেবে আখ্যায়িত করে। ব্রিটেনের অর্থনৈতিক গবেষণা সংস্থা সেন্টার ফর ইকোনমিক অ্যান্ড বিজনেস রিসার্চ (সিইবিআর) এর গবেষণা মতে, বাংলাদেশের বর্তমান অর্থনৈতিক অগ্রগতির ধারা অব্যাহত থাকলে ২০৩৫ সালের মধ্যে দেশটি ২৫তম বৃহৎ অর্থনীতিতে পরিণত হবে। বাংলাদেশের উন্নয়নের এ অগ্রযাত্রায় আমি প্রবাসী বাংলাদেশীদের সক্রিয় অংশগ্রহণ ও সার্বিক সহযোগিতা কামনা করছি। পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে কর্মরত সকলের প্রতি রইলো আমার শুভেচ্ছা।

মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা' এবং একটি সুন্দর পৃথিবী বিনির্মাণে নিজ নিজ অবস্থান থেকে আমরা সবাই কাজ করে যাবো- বিজয় দিবসে এটাই হোক আমাদের অঙ্গীকার।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,
বাংলাদেশ চিরজীবী হোক।

ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি